রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ৩১, ২০২৫

## ২য় খণ্ড

## প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।

### প্রধান উপদেষ্টার কার্যালয়

### প্রজ্ঞাপন

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩২/০৮ জুলাই ২০২৫

**নং ০৩.০০.০০০০.০৮২.০১১.০০৯.২৫-৪৪৪**—বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ অনুসরণে এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের সুপারিশের পরিপ্রেক্ষিতে এ কার্যালয়ের নিম্নেবর্ণিত অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক-কে ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০, ২য় শ্রেণি) বেতনক্রমে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ‘প্রশাসনিক কর্মকর্তা’ ও ‘ব্যক্তিগত কর্মকর্তা’ পদে উল্লিখিত শর্তে পদোন্নতি প্রদান করা হলো:

| ক্রমঃ | গ্রেডেশন নং | নাম ও বর্তমান পদবি | সুপারিশকৃত পদের নাম |
|---|---|---|---|
| ০১ | ০১ | জনাব মোঃ হাসমত আলী<br>অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | প্রশাসনিক কর্মকর্তা |
| ০২ | ০২ | জনাব প্রভাত স্নাল<br>অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | প্রশাসনিক কর্মকর্তা |
| ০৩ | ০৩ | জনাব শাহাদাত হোসেন<br>অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | প্রশাসনিক কর্মকর্তা |
| ০৪ | ০৪ | জনাব মোঃ এনামুল হক<br>অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ব্যক্তিগত কর্মকর্তা |
| ০৫ | ০৫ | জনাব মোঃ বেলাল হোসেন খাঁন<br>অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ব্যক্তিগত কর্মকর্তা |

**পদোন্নতির শর্তাবলি নিম্নরূপ:**

(১) ‘প্রশাসনিক কর্মকর্তা’ ও ‘ব্যক্তিগত কর্মকর্তা’ পদে যোগদানের তারিখ হতে এ আদেশ কার্যকর হবে;

(২) এ পদে যোগদানের তারিখ হতে বিধি অনুযায়ী ০১ (এক) বছরকাল শিক্ষানবিশ থাকবেন;

(৩) শিক্ষানবিশ থাকাকালে আচরণ ও কাজকর্ম সন্তোষজনক বিবেচিত না হলে কিংবা কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই মনে করা হলে পূর্ব পদে প্রত্যাবর্তন করানো যাবে;

(৪) নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে শিক্ষানবিশ এর মেয়াদ এক বা একাধিকবার সর্বসাকুল্যে আরো এক বছর বৃদ্ধি করতে পারবে;

(৫) এ আদেশ সরকারি কর্মচারীদের চাকরি সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

০২। উল্লিখিত শর্তাবলির আলোকে পত্র প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ আদেশ বাতিল বলে গণ্য হবে।

০৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নাজমুল ইসলাম সরকার**
পরিচালক (প্রশাসন)।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৪ আষাঢ় ১৪৩২/১৮ জুন ২০২৫

**নং ১৭.০০.০০০০.০৮৪.৫৬.৩০৭.২৩–১২২**—জনাব রাজীব ঘোষ (১১০২৩১৮১), সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, ফটিকছড়ি, চট্টগ্রাম-কে ৪৩তম বি.সি.এস.(সাধারণ শিক্ষা) ক্যাডারে প্রভাষক (ভূগোল) পদে যোগদানের নিমিত্ত তাঁর আবেদনের প্রেক্ষিতে ৩১-০৫-২০২৫ খ্রিঃ তারিখ (অপরাহ্নে) নির্বাচন কমিশন সচিবালয়ের চাকরি হতে অব্যাহতি প্রদান করা হলো।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ইকবাল হোসেন**
উপসচিব (চ.দা)(জ.ব্য.৩)।

---

**জনবল ব্যবস্থাপনা শাখা-৩**

**প্রজ্ঞাপন**সমূহ

তারিখ: ১১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/২৫ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ১৭.০০.০০০০.০০০.০৮৪.১৯.০০৫৮.১৯.১২৬**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পার্শ্বে ৪নং কলামে বর্ণিত কার্যালয়ে বদলি করা হলো:

| ক্রম | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও পদবি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) | বর্তমান কর্মস্থল | যে কার্যালয়ে বদলি করা হলো |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | মিজ ফাহমিদা ফাইজা (১১০২৩১৩০)<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা | উপজেলা নির্বাচন অফিস<br>আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া | থানা নির্বাচন অফিস<br>রমনা, ঢাকা |
| ২ | জনাব নিখিল চন্দ্র হাওলাদার (৩১৬০৭০৫৩)<br>সহকারী থানা নির্বাচন কর্মকর্তা | থানা নির্বাচন অফিস<br>রমনা, ঢাকা | উপজেলা নির্বাচন অফিস<br>রূপগঞ্জ, নারায়ণগঞ্জ |
| ৩ | জনাব জাহিদুল ইসলাম (১১০২৩২০২)<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা | উপজেলা নির্বাচন অফিস<br>রূপগঞ্জ, নারায়ণগঞ্জ | উপজেলা নির্বাচন অফিস<br>শরিয়তপুর সদর |
| ৪ | জনাব মোঃ মাসুদুল হক (৩১৬০৭০৪৬)<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা | উপজেলা নির্বাচন অফিস<br>বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও | উপজেলা নির্বাচন অফিস<br>দেবীগঞ্জ, পঞ্চগড় |
| ৫ | জনাব নজরুল ইসলাম (১১০২৩১৪৪)<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা | উপজেলা নির্বাচন অফিস<br>পটিয়া, চট্টগ্রাম | উপজেলা নির্বাচন অফিস<br>সীতাকুন্ড, চট্টগ্রাম |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/০৭ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ১৭.০০.০০০০.০০০.০৮৪.১৯.০০০৩.২৫.১৩৩**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পার্শ্বে ৪নং কলামে বর্ণিত কার্যালয়ে বদলি করা হলো:

| ক্রম | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও পদবি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) | বর্তমান কর্মস্থল | যে কার্যালয়ে বদলি করা হলো |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | মিজ মুমতাহেনা (১১০২৩২৩১)<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা | উপজেলা নির্বাচন অফিস<br>তেরখাদা, খুলনা | থানা নির্বাচন অফিস<br>দৌলতপুর, খুলনা |
| ২ | মিজ মোসাঃ নাছিমা খাতুন (৩১৬৯২০১১)<br>সহকারী থানা নির্বাচন কর্মকর্তা | থানা নির্বাচন অফিস<br>দৌলতপুর, খুলনা | উপজেলা নির্বাচন অফিস<br>বটিয়াঘাটা, খুলনা |
| ৩ | জনাব মোঃ আবু সাঈদ মল্লিক (৩১৬০৭০৫৯)<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা | উপজেলা নির্বাচন অফিস<br>বাগেরহাট সদর | উপজেলা নির্বাচন অফিস<br>তেরখাদা, খুলনা |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ইকবাল হোসেন**
সিনিয়র সহকারী সচিব।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/০২ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৫৩.০০.০০০০.০০০.৩১২.১৩.০০০১.২১.২৩১**—জনতা ব্যাংক পিএলসি এর মহাব্যবস্থাপক জনাব মোহাম্মদ আলীর বয়স ৫৯ বছর পূর্তিতে 'সরকারি চাকরি আইন, ২০১৮' এর ৪৩(১) ধারা মোতাবেক তাঁকে ১৪-০১-২০২৫ তারিখ হতে চাকরি হতে অবসর প্রদান করা হলো। তাঁর অনুকূলে ০২ (দুই) মাস ২৬ (ছাব্বিশ) দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ ল্যাম্পগ্রান্টসহ ১৫-০১-২০২৫ তারিখ হতে ১৪-০১-২০২৬ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

২। 'সরকারি চাকরি আইন, ২০১৮' এবং 'রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক পদে নিয়োগ/পদোন্নতি ও পদায়ন নীতিমালা-২০২৩' (১৬ অক্টোবর ২০২৪ খ্রি. পর্যন্ত সংশোধিত) অনুযায়ী তিনি অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আফরোজা আক্তার রিবা**
উপসচিব।

---

**অর্থ বিভাগ**
**প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ**
**প্রশাসন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/০৩ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ০৭.০০.০০০০.০০০.০৮২.১১.০০২.২২(অংশ-১)–২৮৮**—Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর Rule: 6(1)(a) & 7(1)(a)(b)-এর সকল শর্তাদি পূরণ করায় বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তার চাকরি 'সহকারী মহা-হিসাবরক্ষক' পদে যোগদানের তারিখ হতে স্থায়ী করা হলো:

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবি ও পরিচিতি নম্বর | কর্মস্থল | চাকরিতে যোগদানের তারিখ |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ রাসেল মিয়া<br>সহকারী হিসাব মহানিয়ন্ত্রক<br>(পরিচিতি নম্বর: ০০১-০০১-১০০৫) | হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়<br>হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা | ০১-০৬-২০২৩ |

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আশফাকুল নুমান**
উপসচিব।

---

**প্রশাসন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/০৭ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ০৭.০০.০০০০.০৮২.১২.০১৮.১৯.২৯৪**—বাংলাদেশ সিভিল সার্ভিস রিক্রুটমেন্ট রুলস, ১৯৮১ অনুযায়ী বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-৪ (টাঃ ৫০,০০০-৭১,২০০) পদে পদোন্নতি প্রদান করা হলো:

| কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল |
|---|
| জনাব ফাতেমা বেগম (পরিচিতি নম্বর: ০০১-০০১-৩০১)<br>অতিরিক্ত উপ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (রিজার্ভ)<br>মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা। |

(ক) এ আদেশ ০১ সেপ্টেম্বর ২০২১ তারিখ হতে কার্যকর হবে;

(খ) তিনি পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের পূর্বের কোনো বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না; এবং

(গ) পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের লক্ষ্যে তিনি যথাযথ কর্তৃপক্ষ বরাবর যোগদানপত্র দাখিল করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আশফাকুল নুমান**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ আষাঢ় ১৪৩২/১০ জুলাই ২০২৫

**নং ১০.০০.০০০০.১২৮.১২.০০১.২১—৩৮৩**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত আদালতসমূহে কর্মরত সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটরগণকে জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ১০ম গ্রেডে (১৬,০০০-৩৮,৬৪০/- টাকা) ‘প্রশাসনিক কর্মকর্তা’ পদে পদোন্নতি প্রদান করা হলো এবং তাদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে নিম্নলিখিত শর্তে শিক্ষানবিশ হিসেবে অস্থায়ী-ভিত্তিতে পদায়ন করা হলো:

**সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর গ্রুপ:**

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল | পদোন্নতিমূলে বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|
| ১. | **জনাব মোঃ একরামুল হক**<br>সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর<br>চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, রাজশাহী। | প্রশাসনিক কর্মকর্তা<br>চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, পাবনা। |
| ২. | **জনাব মোঃ কামরুজ্জামান হাওলাদার**<br>সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর<br>চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, বাগেরহাট। | প্রশাসনিক কর্মকর্তা<br>চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, সাতক্ষীরা। |
| ৩. | **জনাব আঃ রাজ্জাক খোকন**<br>সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর<br>চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, বরিশাল। | প্রশাসনিক কর্মকর্তা<br>চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, বরিশাল। |

০২। উপর্যুক্ত পদোন্নতিপ্রাপ্ত প্রশাসনিক কর্মকর্তাগণ-কে সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক মনোনীত কর্মকর্তা/কর্মচারীর নিকট আগামী ১৫-০৭-২০২৫ খ্রি. তারিখ বর্তমান পদের দায়িত্বভার অর্পণ করে অবিলম্বে পদায়ন/বদলিকৃত কর্মস্থলে যোগদান করার নির্দেশ প্রদান করা হলো।

০৩। **শর্তাবলি:**

(ক) পদোন্নতিপ্রাপ্ত কর্মচারীগণের বেতন-ভাতাদি বিধি মোতাবেক নির্ধারণ করতে হবে;

(খ) ১ (এক) বছরের শিক্ষানবিশকাল পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ হতে গণনা শুরু হবে;

(গ) শিক্ষানবিশকালে কাজকর্ম ও আচরণ সন্তোষজনক-মর্মে প্রতীয়মান না হলে বিধি অনুযায়ী শিক্ষানবিশকাল সর্বসাকুল্যে অতিরিক্ত ০১ (এক) বছর পর্যন্ত বর্ধিত করা যাবে;

(ঘ) শিক্ষানবিশকাল (বর্ধিত হলে তা-সহ) সমাপ্ত হওয়ার পর আচরণ ও কাজকর্ম সন্তোষজনক হলে বিধি মোতাবেক পদোন্নতির পদে তাদের চাকরি স্থায়ী করা হবে।

০৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আজিজুল হক**
উপসচিব (প্রশাসন-১) ভা.।

**রেলপথ মন্ত্রণালয়**
**প্রশাসন অনুবিভাগ**
**প্রশাসন-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩২/০৩ জুলাই ২০২৫

**নং ৫৪.০০.০০০০.০৪০.১৯.০৪৯.২৪.১৯৫**—বাংলাদেশ রেলওয়ের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের তাঁদের নামের পাশে বর্ণিত পদে বদলিপূর্বক নিয়োগ প্রদান করা হলো:

১. জনাব মোঃ বোরহান উদ্দিন, প্রেষণে প্রকল্প পরিচালক (মহাব্যবস্থাপক/প্রকল্প "বাংলাদেশ রেলওয়ের রোলিং স্টক অপারেশন উন্নয়ন প্রকল্প (রোলিং স্টক সংগ্রহ)", বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন,ঢাকা (চ.দা.)—বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মহাপরিচালকের কার্যালয়ে সংযুক্ত, রেল ভবন,ঢাকা।

২. জনাব মোঃ তানভিরুল ইসলাম, প্রেষণে মহাব্যবস্থাপক/ প্রকল্প পরিচালক, "আখাউড়া থেকে লাকসাম পর্যন্ত ডুয়েলগেজ ডাবল রেললাইন নির্মাণ এবং বিদ্যমান রেললাইন কে ডুয়েলগেজে রূপান্তর" শীর্ষক প্রকল্প (চ.দা.)—বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মহাপরিচালকের কার্যালয়ে সংযুক্ত, রেল ভবন,ঢাকা।

৩. জনাব তাপস কুমার দাস, প্রেষণে অতিরিক্ত প্রকল্প পরিচালক, "বাংলাদেশ রেলওয়ের রোলিং স্টক অপারেশন উন্নয়ন প্রকল্প (রোলিং স্টক সংগ্রহ)", বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন,ঢাকা (চ.দা.)—বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মহাপরিচালকের কার্যালয়ে সংযুক্ত, রেল ভবন,ঢাকা।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কামরুল হাসান**
উপসচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**কাস্টমস ও ভ্যাট প্রশাসন-৩ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/০৮ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ০৮.০১.০০০০.০০০.০১৩.০১.০০৫৯.২৫.২১৩(৩৯)**—জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর) ঢাকায় কর্মরত জনাব মোঃ সাদ্দাম হোসেন (জন্ম তারিখ: ০২-০৩-১৯৯২), সহকারী রাজস্ব কর্মকর্তা এর চাকরি হতে অব্যাহতির আবেদনের প্রেক্ষিতে তাঁর ইস্তফাপত্র গৃহীত হওয়ায় Public Demand Recovery Act, 1913 এর বিধান অনুসারে তাঁর নিকট সরকারী কোনো পাওনা/বকেয়া অডিট আপত্তি নাই এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে কোনো বিভাগীয় মামলা নেই বিধায় ১৪-০১-২০২৫ খ্রিঃ তারিখ অপরাহ্ণে থেকে সহকারী রাজস্ব কর্মকর্তার (১০ম গ্রেড) পদ হতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অব্যাহতি প্রদান করা হলো।

**নং ০৮.০১.০০০০.০০০.০১৩.০১.০০৬০.২৫.২১৭(৩৯)**—জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর) ঢাকায় কর্মরত জনাব দিপংকর বাড়ৈ (জন্ম তারিখ: ১৫-০৯-১৯৯৩), সহকারী রাজস্ব কর্মকর্তা এর চাকরি হতে অব্যাহতির আবেদনের প্রেক্ষিতে তাঁর ইস্তফাপত্র গৃহীত হওয়ায় Public Demand Recovery Act, 1913 এর বিধান অনুসারে তাঁর নিকট সরকারী কোনো পাওনা/বকেয়া অডিট আপত্তি নাই এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে কোনো বিভাগীয় মামলা নেই বিধায় ১৪-০১-২০২৫ খ্রিঃ তারিখ অপরাহ্ণে থেকে সহকারী রাজস্ব কর্মকর্তার (১০ম গ্রেড) পদ হতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অব্যাহতি প্রদান করা হলো।

**মোঃ রায়হান মেহেবুব**
দ্বিতীয় সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**মেডিকেল-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩২/০৭ জুলাই ২০২৫

**নং ৪৪.০০.০০০০.২৫৪.১২.০০২.২৩–৯০**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩-০৫-২০২৩ তারিখে ০৫.০০.০০০০.১৭০.০৬.৩৬.১৩–১২৮ নম্বর স্মারক অনুযায়ী স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগের অধীন বাংলাদেশ পুলিশ হাসপাতালে কর্মরত ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের শূন্য পদে পদোন্নতি প্রদানের লক্ষ্যে বিভাগীয় নির্বাচন কমিটির (ডিপিসি) সুপারিশের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত কর্মকর্তাকে 'সুপারিনটেনডেন্ট', পদে (জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৫ম গ্রেড; টাকা ৪৩০০০-৬৯৮৫০/-) পদোন্নতি প্রদান করা হলো:

ডা. এ বি এম খোরশেদ আলম ভূঞা (সিআইভি-৬৯০৪১৬১১২১), ইমার্জেন্সি মেডিকেল অফিসার, বর্তমানে জুনিয়র কনসালটেন্ট (মেডিসিন) দায়িত্বপ্রাপ্ত এবং অতিরিক্ত দায়িত্বে সুপারিনটেনডেন্ট, কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকা।

২। বর্ণিত কর্মকর্তা সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানপত্র দাখিল করবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শফিকুল ইসলাম**
সহকারী সচিব।

**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/০৮ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.১৩.০০৩৫.২১.৬৬০**—জনাব মোঃ শাহাদাৎ হোসেন (বিপি-৬৬৯০০০৬১৮০), অতিরিক্ত পুলিশ সুপার, স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা-কে ০৩-০৬-২০২৫ তারিখে বয়স ৫৯ (ঊনষাট) বছর পূর্ণ হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী তাকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তার অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ০৪-০৬-২০২৫ তারিখ হতে ০৩-০৬-২০২৬ তারিখ পর্যন্ত ১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাহবুবুর রহমান**
উপসচিব।

---

**স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**প্রশাসন শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ আষাঢ় ১৪৩২/২৩ জুন ২০২৫

**নং ৪৭.০০.০০০০.০৩২.১৯.২১৮.১৮.২৫১**—পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২৩ জুন, ২০২৫ তারিখের ৪৭.০০.০০০০.০৩২. ১৯.২১৮.১৮.২৫০ নম্বর সরকারী আদেশ (GO) জারির পরিপ্রেক্ষিতে ২৪তম Japan Human Resource Development Scholarship (JDS) এর আওতায় বিসিএস (সমবায়) ক্যাডারের কর্মকর্তা মিজ উম্মে মরিয়ম, উপনিবন্ধক-কে Yamaguchi University, Japan এ মাস্টার্স কোর্সে অধ্যয়নের জন্য ০৩-০৭-২০২৫ তারিখ হতে ৩১-১০-২০২৭ তারিখ পর্যন্ত প্রেষণ মঞ্জুর হওয়ায় তাকে আগামী ০২-০৭-২০২৫ তারিখ হতে ৩১-১০-২০২৭ তারিখ পর্যন্ত সময়ের জন্য সমবায় অধিদপ্তর, ঢাকা এ বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (OSD) নিয়োগ করা হলো।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আমীনুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**ঔষধ প্রশাসন-১ শাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/০৯ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৪৫.০০.০০০০.০০০.১৮২.১৩.০০০১.২৫.১২৮**—স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন ঔষধ প্রশাসন অধিদপ্তরের পরিচালক (চলতি দায়িত্ব) জনাব এম ডি. কাইয়ুম-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ৩১ মে ২০২৫ তারিখ হতে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

২। তার অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ০১ জুন ২০২৫ তারিখ হতে ৩১ মে ২০২৬ তারিখ পর্যন্ত ১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মোস্তাফিজুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

---

**নির্মাণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/১৯ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৪৫.০০.০০০০.১৫৬.১৯.০৫০.২৪–২২১**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদ ও কর্মস্থলে চলতি দায়িত্বে বদলি/পদায়ন করা হলো:

জনাব মোঃ ফিরোজ উদ্দিন, সহকারী প্রকৌশলী (পুর)—এইচইডি, বগুড়া বিভাগ—নির্বাহী প্রকৌশলী (পুর) (চঃ দাঃ), এইচইডি, নোয়াখালী বিভাগ।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী শরীফ উদ্দিন আহমেদ**
উপসচিব।

---

**নির্মাণ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/০৩ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৪৫.০০.০০০০.১৫৬.১৩.০০৯.২৫–২৩৫**—জনাব মোঃ ইউছুফ আলী, সহকারী প্রকৌশলী (পুর) (পিআরএল ভোগরত), এইচইডি, ঢাকা বিভাগ-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ০৩-০৬-২০২৫ খ্রি. তারিখ অপরাহ্নে ভূতাপেক্ষভাবে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। ছুটি প্রাপ্যতা সাপেক্ষে তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্টসহ ০৪-০৬-২০২৫ খ্রি. থেকে ০৩-০৬-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত ১ (এক) বছরের অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্ত হবেন।

**নং ৪৫.০০.০০০০.১৫৬.১৩.০০৯.২৫–২৩৬**—জনাব মোঃ মোরশেদুল আলম, সহকারী প্রকৌশলী (পুর) (পিআরএল ভোগরত), এইচডি, কক্সবাজার জেলা-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ১৬-০৬-২০২৫ খ্রি. তারিখ অপরাহ্নে ভূতাপেক্ষভাবে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। ছুটি প্রাপ্যতা সাপেক্ষে তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ১৭-০৬-২০২৫ খ্রি. থেকে ১৬-০৬-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত ১ (এক) বছরের অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্ত হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আরাফাত রহমান**
উপসচিব।

---

**পার-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৭ জুন ২০২৫

**নং ৪৫.০০.০০০০.১৪৮.১৩.০৩৩.২২–৪৬০**—স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ০১-০১-২০২৩ তারিখের ৫৯.০০.০০০০. ১৪০.৩১.০১৫.২২–০৬ সংখ্যক প্রজ্ঞাপনমূলে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের অবসরপ্রাপ্ত মহাপরিচালক ডাঃ এ.এই.এম. এনায়েত হোসেন এর অনুকূলে স্থগিতকৃত অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) ২০-১২-২০২৪ তারিখ হতে অভোগকৃত অবশিষ্ট ০৭ মাস ০৭ দিন পুনর্বহাল করা হলো।

২। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্ত হবেন।

তারিখ: ২৪ জুন ২০২৫

**নং ৪৫.০০.০০০০.১৪৮.০১৯.০০১.২০২৩–৪৭২**—বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পাশে বর্ণিত পদ ও কর্মস্থলে বদলিপূর্বক পদায়ন করা হলোঃ

১. ডা. মোঃ আবদুল ওয়াদুদ (কোড-৪৪০১৪), জুনিয়র কনসালটেন্ট (গাইনী এন্ড অবস্), গোপালগঞ্জ ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, গোপালগঞ্জ—সহকারী পরিচারক (চলতি দায়িত্ব), কুয়েত বাংলাদেশ মৈত্রী সরকারি হাসপাতাল, উত্তরা, ঢাকা।

২. ডা. মাহবুব আরেফীন রেজানুর (কোড-১১৩৭৪০), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, সংযুক্ত, আইএইচটি, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ—সহকারী পরিচালক, শহীদ তাজ উদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতাল, গাজীপুর।

০২। বদলি/পদায়নকৃত কর্মকর্তাগণ ০১-০৭-২০২৫ খ্রি. তারিখের মধ্যে বদলিকৃত কর্মস্থলে যোগদান করবেন। অন্যথায় পরবর্তী কর্ম দিবসে বর্তমান কর্মস্থল থেকে তাৎক্ষণিকভাবে অব্যাহতি (Stand Released) মর্মে গণ্য হবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২৯ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং: ৪৫.০০.০০০০.১৪৮.১৩.০২৩.২০২৫.৪৮৩**—ডাঃ সুইমি প্রু রোয়াজা (কোড নং-৪২৩৮৭), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কাউখালী, রাঙ্গামাটিকে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ০৬-০৫-২০২৫ তারিখ হতে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

০২। তার অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ০৭-০৫-২০২৫ তারিখ হতে ০৬-০৫-২০২৬ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

তারিখ: ৩০ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং: ৪৫.০০.০০০০.১৪৮.১৩.০২৫.২০২৫.৪৯২**—ডাঃ শাহ্ আলী আকবর আশরাফী (কোড নং-৪০২২০), প্রাক্তন পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ২৩-০৫-২০২৫ খ্রিঃ তারিখ হতে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

০২। তার অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ২৪-০৫-২০২৫ তারিখ হতে ২৩-০৫-২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সনজীদা শরমিন**
যুগ্মসচিব।

**[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০২ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং: ৪৫.০০.০০০০.১৪৮.১২.০০১.২৫.৪৯৮**—স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের জারীকৃত চাকরি স্থায়ীকরণ প্রজ্ঞাপনে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের নামের বানান/চাকরি স্থায়ীকরণের তারিখ নিম্নোক্তভাবে সংশোধন করা হলো:

| ক্র. | কর্মকর্তার নাম ও কোড | প্রকাশিত প্রজ্ঞাপনের স্মারক তারিখ ও ক্রমিক নম্বর | প্রকাশিত প্রজ্ঞাপনে নামের বানান/চাকরি স্থায়ীকরণের তারিখ | সংশোধিত নামের বানান/চাকরি স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|---|
| ১. | ডাঃ তনিমা আফরোজ (১৪১৮৯৬) | স্মারক নং-৪৭৭<br>তারিখ: ২৬-০৬-২০২৫<br>ক্রমিক নং-৩৯৪ | ২৫-১২-২০১৯ | ১৫-১২-২০১৯ |
| ২. | ডাঃ জয়ন্ত দেবনাথ (১৪০০০৪) | স্মারক নং-৪৭৭<br>তারিখ: ২৬-০৬-২০২৫<br>ক্রমিক নং-২৯১ | ডাঃ জয়মত্ত্ব দেবনাথ | ডাঃ জয়ন্ত দেবনাথ |
| ৩. | ডাঃ জি.এম. ফজলে রাব্বী (১৪২৬৪২) | স্মারক নং-৪৭৮<br>তারিখ: ২৬-০৬-২০২৫<br>ক্রমিক নং-১৭ | ডাঃ জি. এম. ফজলে রাববী | ডাঃ জি. এম. ফজলে রাব্বী |

০২. জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সনজীদা শরমিন**
যুগ্মসচিব।

---

**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/০৮ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং: ৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৫.২১(অংশ).২১২২**—স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত ১৬ (ষোলো) জন প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা-কে বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪-এর ৬(৩)(ক) ধারার শর্ত পূরণ করায় তাদের নামের পার্শ্বে ৪নং কলামে বর্ণিত তারিখ হতে চাকরি স্থায়ী করা হল:

| নং | নাম ও পদবি | বর্তমান পদে যোগদানের তারিখ | স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|
| ১ | জনাব রুহুল আমিন<br>প্রশাসনিক কর্মকর্তা | ১২-০৬-২০২৪ | ১২-০৬-২০২৪ |
| ২ | জনাব মামুন অর রশিদ<br>প্রশাসনিক কর্মকর্তা | ১২-০৬-২০২৪ | ১২-০৬-২০২৪ |
| ৩ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান<br>প্রশাসনিক কর্মকর্তা | ১২-০৬-২০২৪ | ১২-০৬-২০২৪ |
| ৪ | জনাব মোঃ মনোয়ার হোসেন<br>প্রশাসনিক কর্মকর্তা | ১২-০৬-২০২৪ | ১২-০৬-২০২৪ |
| ৫ | জনাব মোঃ ফারুক মিয়া<br>প্রশাসনিক কর্মকর্তা | ১২-০৬-২০২৪ | ১২-০৬-২০২৪ |

| নং | নাম ও পদবি | বর্তমান পদে যোগদানের তারিখ | স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|
| ৬ | জনাব মোঃ মিরাজুল ইসলাম<br>ব্যক্তিগত কর্মকর্তা | ১২-০৬-২০২৪ | ১২-০৬-২০২৪ |
| ৭ | জনাব মোঃ রুকুনুজ্জামান<br>ব্যক্তিগত কর্মকর্তা | ১২-০৬-২০২৪ | ১২-০৬-২০২৪ |
| ৮ | মিজ লিপি আফসারী<br>ব্যক্তিগত কর্মকর্তা | ১২-০৬-২০২৪ | ১২-০৬-২০২৪ |
| ৯ | জনাব মোঃ সেলিম রেজা<br>ব্যক্তিগত কর্মকর্তা | ১২-০৬-২০২৪ | ১২-০৬-২০২৪ |
| ১০ | জনাব সাধন চন্দ্র বণিক<br>ব্যক্তিগত কর্মকর্তা | ১২-০৬-২০২৪ | ১২-০৬-২০২৪ |
| ১১ | জনাব মোঃ ইমরান হোসেন<br>ব্যক্তিগত কর্মকর্তা | ১২-০৬-২০২৪ | ১২-০৬-২০২৪ |
| ১২ | মিজ জান্নাতুল ফেরদাউস স্নিগ্ধা<br>ব্যক্তিগত কর্মকর্তা | ১২-০৬-২০২৪ | ১২-০৬-২০২৪ |
| ১৩ | জনাব রায়হানুর রহমান<br>ব্যক্তিগত কর্মকর্তা | ১২-০৬-২০২৪ | ১২-০৬-২০২৪ |
| ১৪ | জনাব মোঃ হযরত আলী<br>ব্যক্তিগত কর্মকর্তা | ১২-০৬-২০২৪ | ১২-০৬-২০২৪ |
| ১৫ | জনাব ইসলামুল হক<br>ব্যক্তিগত কর্মকর্তা | ১২-০৬-২০২৪ | ১২-০৬-২০২৪ |
| ১৬ | মিজ রাবেয়া আক্তার<br>ব্যক্তিগত কর্মকর্তা | ১২-০৬-২০২৪ | ১২-০৬-২০২৪ |

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সুজিৎ দেবনাথ**
সিনিয়র সহকারী সচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**পরিকল্পনা অনুবিভাগ**
**মৎস্য পরিকল্পনা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/১০ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং: ৩৩.০০.০০০০.০০০.১৩৬.১৪.০০০৫.২৪.১৮১**—নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পাশে উল্লিখিত পদে প্রেষণে নিয়োগ করা হলো:

| নাম, পদবি ও কর্মস্থল (বেতন গ্রেড) | নিয়োগ/পদায়নকৃত পদ |
|---|---|
| জনাব মোঃ আবুল কালাম আজাদ, জেলা মৎস্য কর্মকর্তা, টাঙ্গাইল (৫ম গ্রেড) | প্রকল্প পরিচালক ( প্রেষণে)<br>"ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)" শীর্ষক প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা। |

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাঃ মোজাম্মেল হক**
উপসচিব।

**মৎস্য-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩২/০৮ জুলাই ২০২৫

**নং: ৩৩.০০.০০০০.১২৬.৯৯.০১১.২৪.৫১২**—Bangladesh Civil Service (Fisheries & Agriculture) Composition & Cadre Rules, ১৯৮০ এর বিধি-৮ এবং Bangladesh Civil Service Recruitment Rules, ১৯৮১ এর বিধি-৭ মোতাবেক বিসিএস (মৎস্য) ক্যাডারভুক্ত নিম্নলিখিত ০৭ (সাত) জন কর্মকর্তার চাকরি তাঁদের নামের পার্শ্বে বর্ণিত তারিখ ও পদে স্থায়ী করা হলো:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম, বর্তমান পদবি ও কর্মস্থল | চাকরিতে স্থায়ীকরণকৃত পদের নাম | চাকরিতে স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|
| ১. | জনাব শতাব্দী রায়<br>উপজেলা মৎস্য কর্মকর্তা<br>হালুয়াঘাট, ময়মনসিংহ | খামার ব্যবস্থাপক | ১৪-০২-২০২১ খ্রি. |
| ২. | জনাব রাফিয়া আফরিন<br>উপসহকারী পরিচালক<br>জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গাজীপুর | উপজেলা মৎস্য কর্মকর্তা | ০৪-১২-২০২২ খ্রি. |
| ৩. | জনাব তানবীর আহসান<br>উপজেলা মৎস্য কর্মকর্তা<br>চন্দনাইশ, চট্টগ্রাম | উপজেলা মৎস্য কর্মকর্তা | ০৪-১২-২০২২ খ্রি. |
| ৪. | জনাব মোঃ তৌফিক হাসান কবীর<br>উপসহকারী পরিচালক<br>জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর চট্টগ্রাম (সংযুক্ত: হালদা নদীর প্রাকৃতিক মৎস্য প্রজননক্ষেত্র উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প (২য় পর্যায়) মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম | উপজেলা মৎস্য কর্মকর্তা | ০৪-১২-২০২২ খ্রি. |
| ৫. | জনাব মোঃ সাইফুল ইসলাম<br>উপজেলা মৎস্য কর্মকর্তা<br>দুমকী, পটুয়াখালী | উপজেলা মৎস্য কর্মকর্তা | ০৪-১২-২০২২ খ্রি. |
| ৬. | জনাব মোঃ মনোয়ার হোসেন<br>উপজেলা মৎস্য কর্মকর্তা<br>রামগড়, খাগড়াছড়ি পার্বত্য জেলা | উপজেলা মৎস্য কর্মকর্তা | ০৪-১২-২০২২ খ্রি. |
| ৭. | জনাব মোঃ রিয়াজ মোর্শেদ রনজু<br>উপজেলা মৎস্য কর্মকর্তা<br>ঘোড়াঘাট, দিনাজপুর | উপজেলা মৎস্য কর্মকর্তা | ০৪-১২-২০২২ খ্রি. |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হাসানুজ্জামান**
যুগ্মসচিব।

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**
**তথ্য ও গণযোগাযোগ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪৩২/২৭ মে ২০২৫

**নং ১৫.০০.০০০০.০২৫.৩১.০০৯.১৬-২২০**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের নবনিয়োগ শাখার ২০ মে ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.১১.০০৩.২৪-১৭৩ নম্বর প্রজ্ঞাপনমূলে ৪৩ তম বি.সি.এস পরীক্ষা, ২০২০ এর মাধ্যমে বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডারের প্রবেশ পদে (সহকারী পরিচালক/তথ্য অফিসার/সমমানের পদ) নবনিয়োগপ্রাপ্ত নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে ০৪ নম্বর কলামে বর্ণিত পদ ও দপ্তরে পদায়ন করা হলো:

| ক্রম | মেধাক্রম | কর্মকর্তার নাম, রেজিঃ নম্বর, পিতার নাম ও স্থায়ী ঠিকানা | নিয়োগ/পদায়নকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | ২২ | ইমরুল করিম তানভীর<br>রেজিঃ নং: ১৮০০৪০৬২<br>পিতা: এ. এইচ. এম রেজাউল করিম<br>গ্রাম/শহর: পূর্ব সদরদী, ডাকঘর: ভাঙ্গা<br>উপজেলা/থানা: ভাঙ্গা, জেলা: ফরিদপুর | তথ্য অফিসার<br>তথ্য অধিদপ্তর, ঢাকা |

২। বর্ণিত কর্মকর্তাকে আগামী ০১ জুন ২০২৫ তারিখ পূর্বাহ্নে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে আবশ্যিকভাবে যোগদান করতে হবে।

৩। বর্ণিত কর্মকর্তা ০১ জুন ২০২৫ তারিখ থেকে ০৪ জুন ২০২৫ তারিখ পর্যন্ত প্রশিক্ষণ শেষে অবমুক্ত হয়ে (০৫ জুন ২০২৫ থেকে ১৪ জুন ২০২৫ তারিখ পর্যন্ত পবিত্র ঈদ-উল-আযহা এবং সাপ্তাহিক/সরকারি ছুটি) ১৫ জুন ২০২৫ তারিখ পূর্বাহ্নে তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদায়নকৃত পদ ও কর্মস্থলে যোগদান করবেন। নির্ধারিত তারিখ ও সময়ে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তাঁর ক্ষেত্রে এ আদেশ বাতিল বলে গণ্য হবে।

৪। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে যোগদানের জন্য বর্ণিত কর্মকর্তা কোনো প্রকার দৈনিক ভাতা/ভ্রমণ ভাতা প্রাপ্য হবেন না।

৫। যোগদানকারী কর্মকর্তার ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নবনিয়োগ শাখার ২০ মে ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.১১.০০৩.২৪-১৭৩ নম্বর প্রজ্ঞাপনে বর্ণিত অন্যান্য সকল শর্ত প্রযোজ্য হবে।

৬। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আওলাদ হোসেন**
উপসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১০ আষাঢ় ১৪৩২/২৪ জুন ২০২৫

**নং ১৫.০০.০০০০.০২৫.১২.০০১.২০.২৪৪**—সুপিরিয়র সিলেকশন বোর্ডের ০৩-০৬-২০২৫ তারিখের সভার (২০২৫ সালের ১৭তম সভা) সুপারিশ মোতাবেক বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদ, গ্রেড ও বেতনস্কেলে পদোন্নতি প্রদান করা হলো:

| ক্রম | কর্মকর্তার নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | পদোন্নতিপ্রাপ্ত পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) |
|---|---|---|
| ১ | জনাব ফায়জুল হক<br>মহাপরিচালক (চলতি দায়িত্ব) গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা | মহাপরিচালক ( গ্রেড-২)<br>টাঃ ৬৬,০০০-৭৬,৪৯০/- |

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩২/২৯ জুন ২০২৫

**নং ১৫.০০.০০০০.০২৫.১২.০০২.২১.২৪৭**—সুপিরিয়র সিলেকশন বোর্ডের ১৯-০৬-২০২৫ তারিখের সভার (২০২৫ সালের ১৮তম সভা) সুপারিশ মোতাবেক বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদ, গ্রেড ও বেতনস্কেলে পদোন্নতি প্রদান করা হলো:

| ক্রম | কর্মকর্তার নাম, পদবি, গ্রেড ও বর্তমান কর্মস্থল | পদোন্নতির সুপারিশকৃত পদের নাম, গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) |
|---|---|---|
| ১ | জনাব মোঃ আবদুল জলিল<br>ভাইস-চেয়ারম্যান<br>বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড, ঢাকা [মূলপদ: সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার/ ভাইস-চেয়ারম্যান (গ্রেড-৪)] | মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত প্রধান তথ্য অফিসার ( গ্রেড-৩)<br>টাঃ ৫৬,৫০০-৭৪,৪০০/- |

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ: ০৩ আষাঢ় ১৪৩২/১৭ জুন ২০২৫

**নং ১৫.০০.০০০০.০২৫.১৮.০৩৬.২২.২৩৩**—বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধিমালা, ১৯৮১ এর ৬ (১)(বি) এবং ৭ (১)(এ) (বি) ৭ (২) বিধি অনুযায়ী চাকরি স্থায়ীকরণের সকল শর্ত পূরণ হওয়ায় বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তথ্য অফিসার/সহকারী পরিচালক/সমমান পদে যোগদানের তারিখ হতে চাকরিতে স্থায়ী করা হলো:

| ক্রম | কর্মকর্তার নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | ক্যাডার পদে যোগদানের তারিখ | স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ জোবায়ের হোসেন<br>তথ্য অধিদফতর, ঢাকা<br>(প্রেষণে জনসংযোগ কর্মকর্তা, উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা) | ০৪-১২-২০২২ | ০৪-১২-২০২২ |

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাসুদ খাঁন**

উপসচিব।

---

**বেতার-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩২/০৭ মে ২০২৫

**নং ১৫.০০.০০০০.০২১.১৮.৩৬৮.২২.১৫৩**—বিসিএস (তথ্য) ক্যাডারভুক্ত বাংলাদেশ বেতারের অনুষ্ঠান বিভাগের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত তারিখ হতে চাকরিতে স্থায়ী করা হলো:

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | ক্যাডার পদে চাকরিতে যোগদানের তারিখ | চাকরিতে স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|
| ১ | জনাব মৃন্ময় মন্ডল তুষার<br>সহকারী পরিচালক (অনুষ্ঠান)<br>কৃষি সার্ভিস দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা। | ০৪-১২-২০২২ | ০৪-১২-২০২২ |

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪৩২/২১ মে ২০২৫

**নং ১৫.০০.০০০০.০২১.১৩.০০৪.২৪.১৭৬**—সুপিরিয়র সিলেকশন বোর্ডের ০৮-০৫-২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার (২০২৫ সালের ১৫তম সভা) সুপারিশ মোতাবেক বিসিএস (তথ্য) ক্যাডারের বাংলাদেশ বেতারের অনুষ্ঠান বিভাগের নিম্নবর্ণিত ০২ (দুই) জন কর্মকর্তাকে তাদের নামের পার্শ্বে বর্ণিত পদ, গ্রেড ও বেতনস্কেলে পদোন্নতি প্রদান করা হলো:

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | যে পদ এবং বেতন গ্রেড ও স্কেলে পদোন্নতি প্রদান করা হলো |
|---|---|---|
| ১ | জনাব শাহানাজ বেগম<br>পরিচালক, বহির্বিশ্ব কার্যক্রম<br>বাংলাদেশ বেতার, ঢাকা। | উপমহাপরিচালক (অনুষ্ঠান)<br>(গ্রেড-৩)<br>(বেতনস্কেল ৫৬,৫০০-৭৪,৪০০/-) |
| ২ | জনাব এস এম আবুল হোসেন<br>পরিচালক, কৃষি সার্ভিস দপ্তর<br>বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা | |

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪৩২/২৬ মে ২০২৫

**নং ১৫.০০.০০০০.০২১.১১.০০৮.২৩(অংশ).১৮৪**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের নবনিয়োগ শাখার ২০.০৫.২০২৫ তারিখে ০৫.০০.০০০০.১৪৭.১১.০০৩.২৪.১৭৩ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে ৪৩তম বিসিএস এর মাধ্যমে বিসিএস (তথ্য) ক্যাডারে বাংলাদেশ বেতারের প্রকৌশল বিভাগে সহকারী বেতার প্রকৌশলী পদে নিয়োগপ্রাপ্ত নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদ এবং কেন্দ্র/ইউনিটে পদায়ন করা হলো:

**প্রকৌশল বিভাগ: সহকারী বেতার প্রকৌশলী:০৪ (চার) জন।**

| ক্রমিক | মেধাক্রম | নাম, পিতার নাম, রেজিস্ট্রেশন নম্বর ও স্থায়ী ঠিকানা | পদায়নকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | ৫ | মোঃ শাফায়াতে রাব্বী<br>পিতা- মোঃ রফিকুর ইসলাম<br>রেজিঃ নম্বর-১১০১১২৮৮<br>গ্রাম: মহেশপুর (খান পাড়া), বামইল-৬৫৪০, পত্নীতলা, নওগাঁ। | সহকারী বেতার প্রকৌশলী<br>উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৫<br>বাংলাদেশ বেতার, কাহালু,<br>বগুড়া। |
| ২ | ৭ | ফয়সল আজাদ শুভ<br>পিতা-আবুল কালাম আজাদ<br>রেজিঃ নম্বর-১৮০০৫৮৭৮<br>গ্রাম: গন্ডা, ডাকঘর-গন্ডা, উপজেলা-কেন্দুয়া, জেলা: নেত্রকোনা। | সহকারী বেতার প্রকৌশলী<br>উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১<br>বাংলাদেশ বেতার, সাভার,<br>ঢাকা। |
| ৩ | ১৩ | নিশাত জাহান<br>পিতা-মোঃ মোস্তাফিজুর রহমান<br>রেজি: নম্বর-১৩০০৪৩২৬<br>গ্রাম: কালেরকাঠী, ডাকঘর: হানুয়া, পোস্টকোড: ৮২৮৪, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল। | সহকারী বেতার প্রকৌশলী<br>উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৩<br>বাংলাদেশ বেতার, নওয়াপাড়া,<br>যশোর। |
| ৪ | ৩৬ | শেখ শতদ্রু তাহসিন<br>পিতা-এম কে, রুহুল কুদ্দুস<br>রেজিঃ নম্বর-১২০২১৭৭২<br>বি-৬৬ (নতুন-০৪), ঝাউতলা মোড়, লক্ষীপুর, থানা-রাজপাড়া, রাজশাহী-৬০০০। | সহকারী বেতার প্রকৌশলী<br>উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-২<br>বাংলাদেশ বেতার, সাভার,<br>ঢাকা। |

২। বর্ণিত কর্মকর্তাগণ আগামী ০১ জুন ২০২৫ তারিখ পূর্বাহ্ণে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে আবশ্যিকভাবে যোগদান করতে হবে।

৩। বর্ণিত কর্মকর্তাগণ ০১ জুন ২০২৫ থেকে ০৪ জুন ২০২৫ তারিখ পর্যন্ত প্রশিক্ষণ শেষে অবমুক্ত হয়ে ১৫ জুন ২০২৫ তারিখ পূর্বাহ্ণে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদায়নকৃত পদ এবং কর্মস্থলে যোগদান করবেন। কোন কর্মকর্তা নির্ধারিত তারিখ ও সময়ে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তাঁর ক্ষেত্রে এ আদেশ বাতিল বলে গণ্য হবে।

৪। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে যোগদানের জন্য বর্ণিত কর্মকর্তাগণ কোনো প্রকার দৈনিক ভাতা/ভ্রমণ ভাতা প্রাপ্য হবেন না।

৫। যোগদানকারী সকল কর্মকর্তার ক্ষেত্রে জনপ্রশাসন ২০-০৫-২০২৫ তারিখে ০৫.০০.০০০০.১৪৭.১১.০০৩.২৪.১৭৩ নম্বর প্রজ্ঞাপনে বর্ণিত অন্যান্য সকল শর্ত প্রযোজ্য হবে।

৬। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আওলাদ হোসেন**

উপসচিব।

**টেলিভিশন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩২/২৪ মে ২০২৫

**নং ১৫.০০.০০০০.০২৩.১১.০০১.১৫.১৯৪**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২৩ এপ্রিল ২০২৫ তারিখের ৮০.০০.০০০০.০০০.১০২.১২.০০১৪.২৫-২৮৬ সংখ্যক পত্রে উল্লিখিত বাংলাদেশ টেলিভিশনের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে কমিশন কর্তৃক পদোন্নতির জন্য পরামর্শ প্রদান করায় তাদের নামের পার্শ্বে ৩ নম্বর কলামে বর্ণিত পদ, বেতন গ্রেড ও স্কেলে পদোন্নতি প্রদান করা হলো:

| ক্রমিক | নাম, পদবি, গ্রেড ও বেতনস্কেল | পদোন্নতিপ্রাপ্ত পদ, গ্রেড ও বেতনস্কেল |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১ | বেগম হেনা তরফদার<br>সুপারিনটেনডেন্ট (প্রশাসন) (১২তম গ্রেড) | সহকারী পরিচালক (প্রশাসন) (গ্রেড-২)<br>৯ম গ্রেড, (জাতীয় বেতন স্কেল, ২০১৫)<br>বেতন স্কেল টাকা ২২,০০০-৫৩০৬০ |
| ২ | জনাব মোহাম্মদ মোজাম্মেল হক<br>সুপারিনটেনডেন্ট (প্রশাসন) (১২তম গ্রেড) | সহকারী পরিচালক (প্রশাসন) (গ্রেড-২)<br>৯ম গ্রেড, (জাতীয় বেতন স্কেল, ২০১৫)<br>বেতন স্কেল টাকা ২২,০০০-৫৩০৬০ |

০২। উল্লিখিত কর্মকর্তাগণ ০১(এক) বছর শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন এবং বাংলাদেশ টেলিভিশনের (গেজেটেড ও নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালাসহ সরকারি অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে পূরণসাপেক্ষে চাকুরিতে স্থায়ী হবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইব্রাহিম ভুঞা**
উপসচিব।

---

**বেতার-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩২/০৪ জুন ২০২৫

**নং ১৫.০০.০০০০.০২১.১৮.৩৪৫.১৮.১৯৭**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বাংলাদেশ বেতারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত পদ এবং দপ্তরে প্রেষণে বদলি/পদায়ন করা হলো:

জনাব মকবুল হোসাইন, সহকারী পরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ বেতার—সহকারী পরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩২/২৯ জুন ২০২৫

**নং ১৫.০০.০০০০.০২১.১৯.০০২.১১ (অংশ).২২০**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বাংলাদেশ বেতারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত পদ এবং দপ্তরে প্রেষণে বদলি/পদায়ন করা হলো:

জনাব মোঃ হেমায়েত আকবর টিপু, উপবার্তা নিয়ন্ত্রক, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, ঢাকা (বর্তমানে বাংলাদেশ বেতার, কক্সবাজার কেন্দ্রে বদলির আদেশাধীন)—উপপরিচালক প্রশাসন, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।

০২। বাংলাদেশ বেতারের ২৪-০৬-২০২৫ তারিখের ৩৭১ সংখ্যক অফিস আদেশের ক্রমিক নং-১ এর অংশটুকু এতদ্বারা বাতিল করা হলো।

০৩। বর্ণিত কর্মকর্তাকে ২৯-০৬-২০২৫ তারিখে নিজ কর্মস্থল হতে তাৎক্ষণিকভাবে অবমুক্ত (Stand Release) হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আওলাদ হোসেন**
উপসচিব।

**তথ্য ও গণযোগাযোগ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪৩২/২৮ মে ২০২৫

**নং ১৫.০০.০০০০.০২৫.১২.০০৪.২৫.২২৪**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৪-০৫-২০২৫ তারিখের ৮০.০০.০০০০.০০০.১০২.১১.০০২৩.২৫-৩৫৭ নম্বর পত্রে প্রদত্ত পরামর্শের ভিত্তিতে নিম্নবর্ণিত কর্মকর্তাকে বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডারভুক্ত তথ্য অফিসার/সহকারী পরিচালক/সমমানের পদে পদোন্নতি প্রদান করা হলো:

| ক্রমঃ | নাম, বর্তমান পদ ও কর্মস্থল | পদোন্নতিপ্রাপ্ত পদ, গ্রেড এবং বেতনস্কেল |
|---|---|---|
| ১. | জনাব আব্দুল আহাদ<br>সহকারী তথ্য অফিসার (১০ম গ্রেড)<br>জেলা তথ্য অফিস, চাঁপাইনবাবগঞ্জ। | তথ্য অফিসার/সহকারী পরিচালক/সমমানের পদ<br>টা: ২২,০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড)<br>(জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) |

০২। পদোন্নতির শর্তাবলি:

(ক) পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধিমালা, ১৯৮১ এর বিধি ৬ মোতাবেক ১(এক) বছর শিক্ষানবিশ থাকবেন। শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার জন্য অযোগ্য বিবেচিত হন, তাহলে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সাথে পরামর্শ ছাড়াই তাকে পদোন্নতির পূর্বের পদে রিভার্ট করা হবে;

(খ) একই বিধিমালার বিধি-৭ মোতাবেক পেশাভিত্তিক এবং জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষার নীতিমালা, ২০২৩ এর ৮.২ অনুচ্ছেদ মোতাবেক ০২ (দুই) মাসের বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে; এবং

(গ) পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা বুনিয়াদি ও পেশাভিত্তিক প্রশিক্ষণ সাফল্যজনকভাবে সমাপ্ত না করলে, সরকার নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ না হলে, শিক্ষানবিশকাল সমাপ্ত না করলে বা তার আচরণ ও কর্ম সন্তোষজনক না হলে তাকে চাকরিতে স্থায়ী করা হবেনা।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: আওলাদ হোসেন**

উপসচিব।

---

**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩২/৩০ জুন ২০২৫

**নং ১৫.০০.০০০০.০১৪.১২.০০১.২৫.১২৯৮**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২৯-০৬-২০২৫ তারিখের ৮০.০০.০০০০.০০০.১০২.১২.০০৩০.২৫.৪০৯ নম্বর স্মারকের পরামর্শ মোতাবেক তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত কর্মচারীকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী ১৬,০০০-৩৮,৬৪০/- টাকা বেতনস্কেলে প্রশাসনিক কর্মকর্তা (১০ম গ্রেড) পদে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে পদোন্নতি প্রদান করা হলো:

| ক্রঃ নং | জ্যেষ্ঠতা নং | প্রার্থীর নাম | বর্তমান পদ ও গ্রেড | সুপারিশকৃত পদ ও গ্রেড |
|---|---|---|---|---|
| ১. | ০১ | জনাব নুরে আলম | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ( গ্রেড-১৬) | প্রশাসনিক কর্মকর্তা<br>(১০ম গ্রেড) |

**শর্তাবলি:**

(ক) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর ৬(১)(খ) উপবিধি মোতাবেক স্থায়ী শূন্য পদের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা ০১ (এক) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ শিক্ষানবিশের মেয়াদ বৃদ্ধি করতে পারবেন;

(খ) একই বিধিমালার ৬(২)(খ) উপবিধি মোতাবেক শিক্ষানবিশ থাকাকালে তাঁর আচরণ এবং কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাকে পূর্বতন পদে পদাবনত (Revert) করতে পারবেন; এবং

(গ) শিক্ষানবিশ মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ এবং নিয়োগ বিধিমালার ৬ নং বিধিতে বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁর চাকরি স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহেদ মোস্তফা**
উপসচিব।

---

**[একই নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩২/০১ জুলাই ২০২৫

**নং ১৫.০০.০০০০.০১৪.১৮.০২০.২৫.১৩০৯**—বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড এবং নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (সংশোধিত ২০২০)-এর ৬ ধারা অনুযায়ী চাকরি স্থায়ীকরণের শর্তাদি পূরণ হওয়ায় তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত তারিখ থেকে স্ব স্ব পদে চাকরি স্থায়ী করা হলো:

| ক্রম | নাম ও পদবি | বর্তমান পদে যোগদানের তারিখ | চাকরি স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|
| ১. | জনাব মো: মাসুদ রানা<br>প্রশাসনিক কর্মকর্তা | ০৫-০৮-২০২০ | ০৫-০৮-২০২০ |
| ২. | জনাব মো: রাসেল রানা<br>প্রশাসনিক কর্মকর্তা | ১৮-০১-২০২৪ | ১৮-০১-২০২৪ |
| ৩. | জনাব মো: তহিদুল ইসলাম<br>প্রশাসনিক কর্মকর্তা | ১৮-০১-২০২৪ | ১৮-০১-২০২৪ |
| ৪. | জনাব সোহেলী সুলতানা<br>ব্যক্তিগত কর্মকর্তা | ২০-০৩-২০২৪ | ২০-০৩-২০২৪ |
| ৫. | জনাব মো: সারোয়ার আলম<br>প্রশাসনিক কর্মকর্তা | ২৭-০৩-২০২৪ | ২৭-০৩-২০২৪ |
| ৬. | জনাব মো: রেজাউল করিম<br>প্রশাসনিক কর্মকর্তা | ২৭-০৩-২০২৪ | ২৭-০৩-২০২৪ |
| ৭. | জনাব রুহুল আমীন<br>ব্যক্তিগত কর্মকর্তা | ২৫-০৬-২০২৪ | ২৫-০৬-২০২৪ |
| ৮. | জনাব ফারজানা ববি<br>প্রশাসনিক কর্মকর্তা | ২৫-০৬-২০২৪ | ২৫-০৬-২০২৪ |
| ৯. | জনাব ফিরোজা পারভীন<br>প্রশাসনিক কর্মকর্তা | ২৫-০৬-২০২৪ | ২৫-০৬-২০২৪ |

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহেদ মোস্তফা**
উপসচিব।

[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**

**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৫ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/১৯ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৩৪.০০.০০০০.০০০.০৪১.১১.০০১৫.২৪.১৯৯৩**—জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ মোতাবেক চাকরি স্থায়ীকরণের সকল শর্ত পূরণ করায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত কর্মকর্তা-কে 'প্রশাসনিক কর্মকর্তা' পদে তার যোগদানের তারিখ হতে নির্দেশক্রমে চাকরি স্থায়ী করা হলো:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবি | যোগদানের তারিখ | স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|
| ০১. | জনাব মোঃ আজিজুল হক<br>প্রশাসনিক কর্মকর্তা | ০১-০২-২০২৪ খ্রি. | ০১-০২-২০২৪ খ্রি. |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোসাঃ তানিয়া ফেরদৌস**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/১০ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৩৪.০০.০০০০.০০০.০৪১.১১.০০১৫.২৪.২০৪৪**—মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ মোতাবেক চাকরি স্থায়ীকরণের সকল শর্ত পূরণ করায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত কর্মকর্তা-কে 'সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা' পদে তার যোগদানের তারিখ হতে নির্দেশক্রমে চাকরি স্থায়ী করা হলো:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবি | যোগদানের তারিখ | স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|
| ০১. | জনাব মোহাম্মদ রুবেল মিয়া<br>সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা | ২৭-০৬-২০২৪ খ্রি. | ২৭-০৬-২০২৪ খ্রি. |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোসাঃ তানিয়া ফেরদৌস**
সিনিয়র সহকারী সচিব।

---

[একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত]

**শিক্ষা মন্ত্রণালয়**

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**

**সরকারি কলেজ-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ চৈত্র ১৪৩১/১৩ এপ্রিল ২০২৫

**নং ৩৭.০০.০০০০.০৮৫.১৫.০৯৬(এ).২১.৩০০**—ঢাকা জেলার সাভার উপজেলাধীন সরকারিকৃত সাভার কলেজে বেসরকারি আমলে কর্মরত নিম্নবর্ণিত ১১ (এগারো) জন শিক্ষককে 'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা, ২০১৮'-এর বিধি-০৫ এবং বিধি-০৬ এ বর্ণিত বিধান মোতাবেক সরকারিকরণের তারিখ ০৮ আগস্ট ২০১৮ হতে উক্ত কলেজে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদে ও নিম্নবর্ণিত শর্তে রাজস্বখাতে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রমিক নং | নাম | জন্ম তারিখ | ইনডেক্স/নিবন্ধন নং | নিয়োগকৃত পদের নাম |
|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ আঃ হালীম | ২৩-০১-১৯৬০ | ০১৫৫২৬ | সহকারী অধ্যাপক (নন-ক্যাডার) গণিত |
| ২. | জনাব ফেরদৌস সুলতানা | ১৫-০২-১৯৫৯ | ০০০২৭৩ | সহকারী অধ্যাপক (নন-ক্যাডার) প্রাণিবিদ্যা |
| ৩. | জনাব রেজাউল করিম সিদ্দিক | ০৬-০১-১৯৬০ | ০১৫০৩৫ | সহকারী অধ্যাপক (নন-ক্যাডার) ব্যবস্থাপনা |
| ৪. | জনাব মোহাম্মদ মনজুর আলম খান | ০১-১২-১৯৫৯ | ০১২৩০৬ | সহকারী অধ্যাপক (নন-ক্যাডার) রাষ্ট্রবিজ্ঞান |
| ৫. | ড. এ কে এম সাঈদ হাসান | ০১-০২-১৯৬৯ | ৪২৪০০৩ | প্রভাষক (নন-ক্যাডার) উদ্ভিদবিদ্যা |
| ৬. | জনাব হুসাইন আহমাদ | ১১-০২-১৯৮৭ | ৪২৭০৫৩৬২/২০১৩ | প্রভাষক (নন-ক্যাডার) ইসলামী শিক্ষা |
| ৭. | জনাব মসিহ উর রহমান | ১৬-০৮-১৯৬০ | ০১৮৩৩৭ | প্রভাষক (নন-ক্যাডার) ব্যবস্থাপনা |
| ৮. | জনাব দিল আফরোজা শামীম | ০১-০২-১৯৬৯ | ৪১০৫৫৬ | প্রভাষক (নন-ক্যাডার) রাষ্ট্রবিজ্ঞান |
| ৯. | জনাব শামছুন নাহার | ১৫-০৫-১৯৭০ | ৬৪০২২১২/২০০৬ | প্রভাষক (নন-ক্যাডার) রাষ্ট্রবিজ্ঞান |
| ১০. | জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম | ১৩-০৫-১৯৬৯ | ১৫৩০৩৫৩/২০০৫ | প্রভাষক (নন-ক্যাডার) রাষ্ট্রবিজ্ঞান |
| ১১. | জনাব কে এম দেলোয়ার হোসেন | ৩১-১২-১৯৬৬ | - | প্রভাষক (নন-ক্যাডার) রাষ্ট্রবিজ্ঞান |

**শর্তাদি:**

(ক) সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা, ২০১৮-এর বিধি-০৭ এ বর্ণিত বিধান মোতাবেক কর্তৃপক্ষের সন্তোষজনক প্রতিবেদন এবং উক্ত বিধান অনুসারে পরবর্তীতে যথাযথ প্রক্রিয়ায় চাকরি স্থায়ী করা হবে।

(খ) এ কলেজে আত্তীকৃত কোনো শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না।

০২। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খোদেজা খাতুন**

যুগ্মসচিব।

---

**[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩২/২২ জুন ২০২৫

**নং ৩৭.০০.০০০০.০৮৫.১৫.০৯৯(এ).২২-৬৭৪**—টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলাধীন সরকারিকৃত শহীদ ভবানী প্রসাদ সাহা কলেজ (সাবেক মির্জাপুর কলেজ) এ অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত নিম্নবর্ণিত ০৯ (নয়) জন শিক্ষকের "সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা, ২০১৮"-এর বিধি ৭ অনুযায়ী অস্থায়ী নিয়োগের তারিখ ০৮ আগস্ট ২০১৮ হতে চাকরি ভূতাপেক্ষ স্থায়ী করা হলো:

| ক্রমিক নং | নাম ও জন্ম তারিখ | পদবি ও বিষয় | সরকারিকরণের তারিখ |
|---|---|---|---|
| ০১ | জনাব খাদিজা ইয়াসমীন<br>জন্ম তারিখ: ০২-০৬-১৯৬০ | উপাধ্যক্ষ (নন-ক্যাডার)<br>প্রশাসনিক | ০৮ আগস্ট ২০১৮ |
| ০২ | এস, এম, নূরুল ইসলাম<br>জন্ম তারিখ: ১৫-০৮-১৯৫৯ | সহকারী অধ্যাপক (নন-ক্যাডার)<br>রসায়ন | ০৮ আগস্ট ২০১৮ |
| ০৩ | জনাব মো. শহীদুল্লাহ<br>জন্ম তারিখ: ২৫-০২-১৯৬২ | সহকারী অধ্যাপক (নন-ক্যাডার)<br>ইংরেজি | ০৮ আগস্ট ২০১৮ |

| ক্রমিক নং | নাম ও জন্ম তারিখ | পদবি ও বিষয় | সরকারিকরণের তারিখ |
|---|---|---|---|
| ০৪ | জনাব মো. শাহাদৎ হোসেন<br>জন্ম তারিখ: ০৪-১০-১৯৬২ | সহকারী অধ্যাপক (নন-ক্যাডার)<br>প্রাণিবিদ্যা | ০৮ আগস্ট ২০১৮ |
| ০৫ | জনাব ফারজানা রহমান<br>জন্ম তারিখ: ০১-০১-১৯৬২ | সহকারী অধ্যাপক (নন-ক্যাডার)<br>দর্শন | ০৮ আগস্ট ২০১৮ |
| ০৬ | জনাব মো. আব্দুস ছালাম মিয়া<br>জন্ম তারিখ: ০১-০৩-১৯৬৫ | সহকারী অধ্যাপক (নন-ক্যাডার)<br>ইসলাম শিক্ষা | ০৮ আগস্ট ২০১৮ |
| ০৭ | জনাব মো. আব্দুল মজিদ<br>জন্ম তারিখ: ১৫-০১-১৯৬১ | সহকারী অধ্যাপক (নন-ক্যাডার)<br>কৃষিশিক্ষা | ০৮ আগস্ট ২০১৮ |
| ০৮ | জনাব মো. নছরুল আজম<br>জন্ম তারিখ: ০১-১০-১৯৬৪ | সহকারী অধ্যাপক (নন-ক্যাডার)<br>হিসাববিজ্ঞান | ০৮ আগস্ট ২০১৮ |
| ০৯ | জনাব মো. আব্দুল হামিদ<br>জন্ম তারিখ: ০১-০৩-১৯৬২ | প্রভাষক (নন-ক্যাডার)<br>ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ০৮ আগস্ট ২০১৮ |

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আঃ কুদ্দূস**
উপসচিব।